**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 25.07.2026** **Time: 1-40PM.**

**************************************************************************

নিট দুর্নীতির প্রতিবাদে গতকাল ধর্মতলায় কয়েকটি বাম সংগঠনের মিছিলে সাংবাদিকদের উপর হামলার ঘটনার কড়া নিন্দা করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ওই ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি জানিয়েছেন। বিধানসভায় ওই ঘটনার সম্পর্কে বিবৃতি দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, কালকের ঘটনায় ইতিমধ্যেই সাতটি মামলা দায়ের হয়েছে। প্রায় ৭০ জনকে চিহ্নিত করা হয়েছে। অভিযুক্তদের বিরুদ্ধে রাজ্যের সদ্য কার্যকর হওয়া 'গুন্ডাদমন আইন' প্রয়োগ করা হয়েছে। একই সঙ্গে তিনি দাবি করেন, আন্দোলনের আড়ালে পরিকল্পিত ভাবে অশান্তি তৈরির চেষ্টা হয়েছিল। পুলিশকে উস্কে দিয়ে বলপ্রয়োগ করানোর পরিকল্পনাও ছিল বলে অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

( বাইট- শুভেন্দু )

তিনি আরও বলেন, গণতান্ত্রিক দেশে শান্তিপূর্ণ আন্দোলনের অধিকার সকলের রয়েছে। সেই কারণেই সরকার এবং পুলিশকে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছিল, আইনশৃঙ্খলার পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকলে কোনও অবস্থাতেই বলপ্রয়োগ করা যাবে না। তাঁর অভিযোগ, পুলিশের উপর চাপ সৃষ্টি করে লাঠিচার্জ বা কাঁদানে গ্যাস ব্যবহারের পরিস্থিতি তৈরি করাই ছিল পরিকল্পনা। কিন্তু পুলিশ সেই ফাঁদে পা দেয়নি। এই ভূমিকার জন্য কলকাতা পুলিশের প্রশংসাও করেন তিনি।

ওই ঘটনার প্রতিবাদে আজ ভারতীয় জনতা পার্টির বিধায়কেরা কালো ব্যাজ পরে সাংবাদিকদের সঙ্গে সংহতি জানাতে কর্মসূচি নিয়েছেন।

**************************************************************************

নিট প্রশ্ন ফাঁস আন্দোলনের প্রেক্ষিতে ধর্মতলায় সাংবাদিকদের উপর আক্রমণের তীব্র নিন্দা করেছে প্রেস ক্লাব কলকাতা। সকালে এক বিবৃতিতে ক্লাব সম্পাদক কিংশুক প্রামানিক ও সভাপতি স্নেহাশীষ শুর জানিয়েছেন এই আন্দোলনকে কেন্দ্র করে দিল্লিতেও রক্তাক্ত হয়েছে সংবাদ মাধ্যম। ক্লাবের অভিযোগ,রীতিমতো টার্গেট করে এই হামলা চালানো হয়েছে। গণতন্ত্রের চতুর্থ স্তম্ভের উপর এই লাগাতার আক্রমণের বিরুদ্ধে আজ বিকেলে প্রেস ক্লাব, কলকাতার সামনে এক প্রতিবাদ কর্মসূচিরও ডাক দেওয়া হয়েছে।

উল্লেখ্য,সাংবাদিকদের আক্রমণে প্ররোচনা দেবার জন্য যে কন্টেন্ট ক্রিয়েটরকে চিহ্নিত করা হয়েছে, প্রেস ক্লাব, কলকাতায় তার প্রবেশ ইতিমধ্যেই নিষিদ্ধ করা হয়েছে।

**************************************************************************

কলকাতায় গতকাল ছাত্র আন্দোলনে যে অশান্তির সৃষ্টি হয়েছিল তাতে ৭০ জন কে চিহ্নিত করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে গুণ্ডা দমন আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী আজ বিধানসভায় যে বক্তব্য পেশ করেছেন তাঁর পরিপ্রেক্ষিতে সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন আইনি ব্যবস্থার ক্ষেত্রে যেন রং, বর্ণ, ধর্ম দেখে সিদ্ধান্ত না নেওয়া হয়। সুজন বাবু এও বলেন যথাযথ তদন্ত সবসময় জরুরি।

সাংবাদিকদের উপর হামলার ঘটনারও তীব্র নিন্দা করেছেন সুজনবাবু। যদিও তিনি বলেছেন, আন্দোলনকে বদনাম করতেই এই ধরণের ঘটনা ঘটানো হয়েছে।

সাংবাদিকদের ওপর হামলার ঘটনারও তীব্র নিন্দা করেছেন সুজন বাবু।যদিও তিনি বলেছেন আন্দোলনকে বদনাম করতেই এই ধরণের ঘটনা ঘটানো হয়েছে।

**************************************************************************

রাজ্যের নতুন সরকার পূর্ব ঘোষণা মত কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের বকেয়া রিপোর্ট আজ বিধানসভায় পেশ করেছে। বিগত সরকারের আমলে বকেয়া থাকা এধরনের ২৮টি রিপোর্ট আজ বিধানসভায় পেশ করেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। রিপোর্টগুলি নিয়ে পরবর্তীতে একটি বিশেষ অধিবেশন ডেকে বিস্তারিত আলোচনা হবে বলেও ঘোষণা করেন তিনি। তাঁর দাবি, এই রিপোর্টগুলিই রাজ্যের আর্থিক অবস্থার প্রকৃত চিত্র তুলে ধরবে এবং কেন রাজ্য ৮ লক্ষ কোটিরও বেশি আর্থিক ঘাটতির মুখে, তার ব্যাখ্যাও মিলবে সেখান থেকে।

**************************************************************************

তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় সেবাশ্রয়ের নামে মানুষকে খুন করেছেন, তার সাংসদ এলাকায় সেবাশ্রয় নিয়ে একাধিক অভিযোগ জমা পড়ার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিধানসভায় এই কথা জানিয়েছেন। তিনি বলেন সেবাশ্রয় শিবিরে ভুল চিকিৎসা করিয়ে অনেকের অঙ্গ কেটে বাদ দিতে হয়েছে। সরকারি হাসপাতালের ইউসিজি, এক্স রে মেশিন অনৈতিক ভাবে শিবিরে নিয়ে যাওয়া হয়েছিল বলে তিনি জানান। এছাড়াও বেআইনি ভাবে মেডিক্যাল কলেজে পড়ুয়া ছাত্র ছাত্রীদের দিয়ে সাধারন মানুষকে চিকিৎসা করানো হয়েছিল।কিছু ক্ষেত্রে চিকিৎসকদের ভয় দেখিয়ে নিয়ে যাওয়া হয়। দিলীপ মন্ডল নামে এক ব্যক্তির গুদামঘর থেকে চিকিৎসার যন্ত্রপাতি ও মেয়াদ উত্তীর্ন ওষুধ বাজেয়াপ্ত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

দক্ষিণ চব্বিশ পরগনা ও পূর্ব মেদিনীপুরের শিবিরগুলিতে মোট কত টাকা খরচ হয়েছে এবং কতজন সরকারি চিকিৎসককে ব্যবহার করা হয়েছিল স্বাস্থ্য দপ্তরের কাছে তার বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। এই নিয়ে ভারত সরকারের পারমানবিক শক্তি বিভাগ ও স্বাস্থ্য এবং পরিবার কল্যান মন্ত্রকের প্রধান সচিবকে চিঠি দেওয়া হয়েছে। শিবির নিয়ে আসা সব অভিযোগ এফ আই আর হিসাবে দায়ের করা হয়েছে। এই ঘটনায় যুক্ত একজন অপরাধীও ছাড় পাবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

**************************************************************************

মুর্শিদাবাদ জেলায় জনগণনার কাজে প্রায় ১৫ হাজার প্রাথমিক শিক্ষক শিক্ষিকাকে যুক্ত করা হয়েছে বলে জেলা প্রশাসন সুত্রে জানা গেছে। ইতিমধ্যে বহরমপুরে জেলা প্রশাসনিক ভবনে একটি নির্দিষ্ট সেল উদ্বোধন করা হয়েছে যার দায়িত্বে থাকছেন জেলা শাসক নিজেই। শেষ জনগণনা অনুযায়ী মুর্শিদাবাদের জনসংখ্যা ৭১ লক্ষ ৩ হাজার ৮০৭ জন। গত ১৫ বছরে তা অনেকটাই বেড়েছে বলে মত প্রশাসনের। তাদের প্রত্যেকের বাড়ি বাড়ি যাবেন আধিকারিকেরা। আজ থেকে জেলার সব কটি ব্লক ও পুরসভা এলাকায় শুরু হচ্ছে কর্মীদের প্রশিক্ষণ।

*******************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬শে জুলাই, আকাশবাণীতে ‘‘মন কি বাত’’ অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৬-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১-টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

*******************************************************************************